গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বাজেট ও উন্নয়ন অনুবিভাগ
বাজেট শাখা
www.lawjusticediv.gov.bd

স্মারক নং- ১০.০০.০০০০.১২৬.২০.০০১.২০-২০৫ তারিখঃ ২৮/০১/২০২০ খ্রিঃ।

বিষয়ঃ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপনের বিভিন্ন অধিদপ্তর/ পরিদপ্তর/ প্রতিষ্ঠানসমূহকে সেবা, উন্নয়ন এবং উৎসব এই তিনটি ভাগে তাঁদের কর্মসূচি বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় অর্থের চাহিদাপত্র প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপনের ক্ষেত্রে নিম্নে উল্লিখিত অধিদপ্তর/পরিদপ্তর/ প্রতিষ্ঠানসমূহকে সেবা, উন্নয়ন এবং উৎসব এই তিনটি ভাগে তাঁদের কর্মসূচি বাস্তবায়ন করতে হবে। উক্ত কর্মসূচি বাস্তবায়নের জন্য সংযুক্ত পত্রের মর্মমতে প্রয়োজনীয় অর্থের চাহিদাপত্র অতি সত্বর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ ১ (এক) ফর্দ।

২৮/১/২০২০
(ওয়াসিম শেখ)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪০০০৯(অফিস)।

কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১. মহা-পরিদর্শক, নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪, আব্দুল গণি রোড, ঢাকা।
২. সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ঢাকা।
৩. মহাপ্রশাসক, সরকারি অছি এবং সরকারি রিসিভার এর কার্যালয়, ৭৯/এ, কাকরাইল, ঢাকা।
৪. চীফ প্রসিকিউটর, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, পুরাতন হাইকোর্ট ভবন, ঢাকা।
৫. রেজিস্ট্রার আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, পুরাতন হাইকোর্ট ভবন, ঢাকা।
৬. পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ১৪৫, নিউ বেইলি রোড, ঢাকা।
৭. সচিব, বাংলাদেশ বার কাউন্সিল, বার কাউন্সিল ভবন,৩, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণী, শাহবাগ, ঢাকা।
৮. পরিচালক, প্রশাসন, বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা।
৯. রেজিস্ট্রার, প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল, ১৪, আব্দুল গণি রোড, ঢাকা।
১০. প্রশাসনিক কর্মকর্তা, অ্যাটর্নি জেনারেল কার্যালয়, বাংলাদেশ ঢাকা।
১১. প্রোগ্রামার, আইসিটি সেল, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

জয় বঙ্গবন্ধু

# জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি

৫ম তলা, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট ভবন, ১/ক, সেগুনবাগিচা, ঢাকা-১০০০

বিষয়ঃ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপনের জন্য বরাদ্দকৃত অর্থ ব্যয়ের পদ্ধতি ও ব্যবস্থাপনা নির্ধারণ সংক্রান্ত সভার কার্যবিবরণীঃ

সভাপতি : ড. কামাল আবদুল নাসের চৌধুরী, প্রধান সমন্বয়ক, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি।

সভার স্থান : জাতীয় বাস্তবায়ন কমিটির কার্যালয়, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

তারিখ : ১০ অক্টোবর ২০১৯।

১। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় অর্থ সচিবসহ মন্ত্রিপরিষদ বিভাগ, অর্থ বিভাগ এবং জাতীয় বাস্তবায়ন কমিটির কার্যালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন (উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট-ক হিসেবে সংযুক্ত)। সভাপতি উপস্থিত সকলের অবগতির জন্য জানান, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি ০৮ টি উপকমিটি এবং বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগের প্রেরিত প্রস্তাবের উপর ভিত্তি করে একটি কর্মপরিকল্পনা চূড়ান্ত করেছে, যা মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়েছে। কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত কর্মসূচিসমূহ বাস্তবায়নের জন্য মন্ত্রণালয়/ বিভাগসমূহের অর্থের প্রয়োজন হবে। উক্ত অর্থের সংস্থান এবং সংশ্লিষ্ট দপ্তর/ প্রতিষ্ঠানের অর্থ প্রাপ্তির প্রক্রিয়া নির্ধারণের বিষয়ে তিনি গুরুত্ব আরোপ করেন।

২। অর্থ সচিব সভাকে অবহিত করেন যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপনের ক্ষেত্রে মন্ত্রণালয়/ বিভাগসমূহ মূলত সেবা, উন্নয়ন এবং উৎসব এই তিনটি ভাগে তাঁদের কর্মসূচি বাস্তবায়ন করবে। এর মধ্যে সেবা এবং উন্নয়ন সংশ্লিষ্ট কর্মসূচিসমূহ মন্ত্রণালয়/ বিভাগ তাঁদের নিজস্ব বাজেট থেকেই বাস্তবায়নের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছিল। এছাড়া, জাতীয় বাস্তবায়ন কমিটির তত্ত্বাবধানে বাস্তবায়িতব্য কর্মসূচির ক্ষেত্রে অর্থসংস্থানের সুযোগ থাকবে বলেও তিনি জানান। কর্মসূচি বাস্তবায়নের জন্য মন্ত্রণালয়/ বিভাগসমূহের চাহিত অর্থের বিষয়ে কি ধরণের ব্যবস্থাপনা গ্রহণ করা যায়, সে বিষয়ে অর্থ সচিব আলোকপাত করেন। তিনি মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক অর্থছাড়ের প্রক্রিয়া নিয়েও মতামত ব্যক্ত করেন।

৩। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

(ক) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপনের লক্ষ্যে গৃহীত বিভিন্ন কর্মসূচির মধ্যে সেবা এবং উন্নয়নধর্মী কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগসমূহ যথাসম্ভব নিজস্ব বাজেট বরাদ্দ হতে ব্যয় নির্বাহ করবে;

(খ) নিজস্ব বাজেটের অতিরিক্ত অর্থের প্রয়োজন হলে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ অর্থ বিভাগে চাহিদা প্রেরণ করবে;

৪। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষনা করেন।

স্বাক্ষরিত
তারিখ: ১৪/১০/২০১৯
ড. কামাল আবদুল নাসের চৌধুরী
প্রধান সমন্বয়ক
জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি।

আইন ও বিচার বিভাগ
ডায়েরী নং ৭০৮৫
২৪/১০/২০১৯

অপর পাতায় দ্রষ্টব্য

স্মারক নং-জ:শ:উ:/জা:বা:ক:/সভা-০১/২০১৯/৩৭৬

তারিখ: ০৫ কার্তিক ১৪২৬ / ২১ অক্টোবর ২০১৯

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩. সিনিয়র সচিব/সচিব------------------------------------------------------মন্ত্রণালয়/বিভাগ।
৪. প্রধান সমন্বয়কের একান্ত সচিব (জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটির সভাপতি ও প্রধান সমন্বয়ক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(পঙ্কজ ঘোষ)
উপসচিব
ফোন : ০২-৫৫১৩০৩১৫